



সাইদীর সাক্ষী সুখরঞ্জন বালি অপহরণে অভিযুক্ত এএসপি গ্রেপ্তার



সাইদীর সাক্ষী সুখরঞ্জন বালি। ছবি: সংগৃহীত

দেলাওয়ার হোসাইন সাইদীর মামলার সাক্ষী সুখরঞ্জন বালিকে অপহরণের ঘটনায় জড়িত থাকার অভিযোগে পুলিশের সহকারী পুলিশ সুপার (এএসপি) ফজলুর রহমানকে গ্রেপ্তার করা হয়েছে। বিষয়টি নিশ্চিত করেছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের সিনিয়র প্রসিকিউটর মিজানুল ইসলাম।

তিনি জানান, বৃহস্পতিবার রাতে ডিবি পুলিশ ফজলুর রহমানকে আটক করে। তবে তাকে কোথা থেকে গ্রেপ্তার করা হয়েছে, সে বিষয়ে কোনো তথ্য জানানো হয়নি।

প্রসঙ্গত, ২০১২ সালের ৫ নভেম্বর আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে সাইদীর পক্ষে সাক্ষ্য দিতে এসে ট্রাইব্যুনাল এলাকা থেকে নিখোঁজ হন পিরোজপুরের বাসিন্দা সুখরঞ্জন বালি। পরে তাকে ভারতে পাওয়া যায় এবং সেখানে একটি কারাগারে প্রায় পাঁচ বছর আটক থাকতে হয়।

ঘটনার দীর্ঘ সময় পর, ২০২৫ সালের ২২ আগস্ট সুখরঞ্জন বালি আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে একটি অভিযোগ দায়ের করেন। অভিযোগে মৃত্যুদণ্ডপ্রাপ্ত শেখ হাসিনা, সাবেক প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার (এস কে) সিনহাসহ মোট ৩২ জনকে আসামি করা হয়।